

স্কুলপড়ুয়া দুই কিশোর বানিয়েছে মিডিয়া প্লেয়ার

সৃষ্টির আনন্দ যে কতটা বেশি হতে পারে- তা বোঝা যায় যখন শিশুরা পর্যন্ত মেতে ওঠে তৈরিতে। এমনই এক তৈরির ঘটনা দেখিয়েছে মতিঝিল আইডিয়াল স্কুলের নবম শ্রেণীর দুই ছাত্র তাদের মিডিয়া প্লেয়ার তৈরীর মাধ্যমে। শ্রেফ শখের বশে পল্লব মাহমুদ ও তার বন্ধু জুবায়ের কেওলিন তৈরি

প্রযুক্তি

প্রজন্ম

করেছে এই স্কুদে মিডিয়া প্লেয়ার।



দুই কিশোর প্রোগ্রামার : পল্লব ও জুবায়ের

তাদের ভাষায়, তারা এই মিডিয়া প্লেয়ার টাইনি মনস্টারটি তৈরি করেছে শ্রেফ শখের বশে। ভিজুয়াল বেসিক দিয়ে তৈরী করা স্কুদে এই প্রোগ্রামটির ইন্টারফেসও বেশ স্কুদে। তবে সফটওয়্যারটি তৈরীতে এটিকে আকর্ষণীয় করার জন্য মুসিয়ানার পরিচয় দিয়েছে এই স্কুদে প্রোগ্রামারদ্বয়। শুধু মিডিয়া প্লেয়ার নয় সাথে স্কিন মেকয়ও দিয়েছে তারা। স্কুদে প্রতিভা আমাদের দেশে যেমন কম নেই তেমনি এই সংখ্যা প্রচুরও নয়। তাই স্কুদে প্রোগ্রামারদের এই কৃতিত্ব আমাদের আশান্বিত করে। শুধু গেম খেলে ছবি এঁকে তারা তাদের কম্পিউটার ব্যবহার না করে আগ্রহী হয়েছে প্রোগ্রামিংয়ের প্রতি। আর তাদের এই আগ্রহ তাদের নিয়ে গেছে একটি পূর্ণাঙ্গ সফটওয়্যার ডেভেলপমেন্টের দিকে। আমাদের দেশের সব স্কুদেরা যদি এইভাবে এগিয়ে আসে সার্থকভাবে কম্পিউটার ব্যবহারের প্রতি- তবে হয়ত আমরা আশা করতে পারি আমাদের পরবর্তী প্রজন্ম আমাদের উপহার দিবে সুন্দর ভবিষ্যৎ। উদাহরণ তো সামনেই রয়েছে পল্লব ও জুবায়ের। কোন প্রতিযোগিতা বিশ্ববিদ্যালয় কিংবা ট্রেনিং ইন্সটিটিউট নয়, শ্রেফ বই পড়ে ও ইন্টারনেট ঘেঁটে তারা শিখেছে প্রোগ্রামিং। গেম খেলে ইন্টারনেট চ্যাট করে তারা তাদের সময় ও প্রতিভা নষ্ট করেনি। দেখে এটাই বোঝা যায় ইচ্ছা থাকলেও সঠিক দিক নির্দেশনা পেলে আমাদের তরুণরা কোথায় যেতে পারে। তাই আমাদের বড়দের উচিত এদেরকে সঠিক দিক নির্দেশনা দেবার। সময়টা বোধহয় এসে গেছে। সফটওয়্যারটি পেতে চাইলে <http://tinymoneter.topcities.com>-এ যেতে পারেন।

□ তথ্যপ্রযুক্তি ডেস্ক

ভিজুয়াল বেসিক-এ র্যাফেল ড্রয়ের প্রোগ্রাম তৈরী

দ্রুত এপিক্লেশন তৈরীর জন্য ভিজুয়াল বেসিক আসলেই একটি ভাল টুলস। এটি দিয়ে দ্রুত বিভিন্ন প্রয়োজনীয় সফটওয়্যার তৈরী করা যায়। এমনই একটি প্রয়োজনীয় সফটওয়্যার হতে পারে র্যাফেল ড্র-য়ের সফটওয়্যার। আজকাল বিভিন্ন অনুষ্ঠানে র্যাফেল ড্রয়ের জন্য এ ধরনের একটি সফটওয়্যার ব্যবহার করা যেতে পারে।

বিশেষ করে আইটি বিষয়ক প্রোগ্রাম, মেলার টিকেটের সাথের র্যাফেল ড্র ইত্যাদির জন্য এটি একটি সহজ সমাধান, যেখানে কম্পিউটার ও প্রোজেক্টর দুটোই থাকে। আমরা এই প্রোগ্রামটি তৈরীতে একটি ভিজুয়াল বেসিক প্রজেক্ট দুটি ফর্ম frmRaffel ও frmresull এবং একটি স্ট্যান্ডার্ড মডিউল stdmain নিয়েছি।

এই প্রোগ্রামটির জন্য ভিজুয়াল বেসিকে একটি স্ট্যান্ডার্ড EXE প্রজেক্ট নিয়ে, প্রজেক্ট মেনু থেকে প্রপার্টি উইন্ডোজ গিয়ে stautuy object রাখতে হবে Sub main। এর পর মূল কর্মটির নাম frmRaffel এবং নতুন আরেকটি ফর্ম নিয়ে তার নাম frmResult করে দেই। এরপর একটি স্ট্যান্ডার্ড মডিউল নিয়ে তার নাম দেই stdraffel।

একটি নির্দিষ্ট ফোল্ডার তৈরী করে সেখানে আমরা প্রজেক্টটি সেভ করি। এরপর উভয় ফর্মের প্রোগ্রামটি ট্যাব থেকে Border style None এবং Windowstate, 'Maximized' সিলেক্ট করে দেই। অতঃপর frmraffel ফর্মে একটি সংশ্লিষ্ট ছবি ও দুটি বাটন নেই। বাটন দুটির নাম দেই cmdclose ও cmdGenerate এবং frmResult-এ একটি লেভেল নেই ও নাম দেই lblResult. lblResult-এর Left 960, Top 3240, Height 2415, width 10815 এবং Font Arial black ও ফন্ট ডায়ালগ বক্স থেকে ফন্ট সাইজ ১০০ সিলেক্ট করি। অতঃপর বিভিন্ন কোড উইন্ডোতে নিচের কোডগুলো লিখে প্রজেক্টটি রান করাই।

কোডিং

```
frmRaffel
private Sub cmdclose- Click()
Unload Me
End Sub
Private Sub cmdGenerate-Click()
Randomize
x=Int ((300*Rnd)+1)
Ifx<10 Then
Y='O' & x
Elseif X,< 100 Then
Y = "0" & X
Else
Y=x
End If
Y="TFO2" & Y
MsgBox "The Winner is" + Y, vbOKonly+ vbInformation, "Hold your breath...."
frmResult.Show
End sub
frmResult
Private Sub Form Click()
Unload Me
End Sub
Private sub form- Load()
lblResult.Caption=Y
Edn Sub
Private Sub Form-Unload (Cancel As Integer)
X=0
End Sub
stdMain
public X As Long
public Y As string
Public Sub Main ()
frmRaffel.show
End sub
```

এই প্রজেক্ট যে কোডিংটি ব্যবহার করা হয়েছে সেটি মাত্র ১-৩০০ পর্যন্ত সংখ্যার জন্য cmdGenerate-Click () সাবে $X=Int((300 * Rad)+1)$ -এ ৩০০-এর স্থলে অন্যকোন সংখ্যা বসিয়ে এবং Y-এর মানের ক্ষেত্রে অতিরিক্ত শূন্যগুলোকে যথাযথভাবে হ্যান্ডেল করে এবং প্রয়োজনে র্যাফেল ড্রয়ের সংখ্যাটির শুরুতে ব্যবহৃত প্রিফিক্স (এখানে TFO2) পরিবর্তন করে কিংবা বাদ দিয়ে প্রোগ্রামটিকে যেকোন র্যাফেল ড্রয়ের জন্য ব্যবহার করা যেতে পারে।

□ মারুফ হোসেন